শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

**বিষয়ঃ ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ শামছুল ইসলাম<br>উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>ঢাকা মশক নিবারণী দপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ২৬ জুলাই ২০২২ খ্রি:, সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)<br>২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১। |
| উপস্থিত কর্মচারীদের তালিকা | : | **পরিশিষ্ট- "ক"** |

**সভার আলোচনা:**

১.১ সভার প্রারম্ভে সভাপতি জনাব মোহাম্মদ শামছুল ইসলাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। তিনি সবাইকে আরও অবহিত করেন যে, ২০১৯ সালে যখন ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছিল তখন স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় সম্মানিত সিনিয়র সচিব মহোদয়সহ ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সকলকে সাথে নিয়ে নিয়মিত সভা করে এবং নিয়মিত মাঠ পরিদর্শনের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে সফলতা অর্জন করেন। পরবর্তীতে ২০২০ এবং ২০২১ সালে একই ধারা অনুসরণ করে সমন্বিত কর্মপরিকল্পনার মাধ্যমে ডেঙ্গুর প্রাদুর্ভাব নিরসনকল্পে ভাল ফলাফল পাওয়া যায়। তিনি আরও জানান যে, মশকের বংশ বিস্তাররোধে ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকা সমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা, মশক নিধনের জন্য ব্যবহৃত গুণগত মানসম্মত কার্যকর কীটনাশকের পর্যাপ্ত মজুদ নিশ্চিত করা এবং নিয়মিত ফগিং, লার্ভিসাইড ও এডালডিসাইড স্প্রে করা ও সর্বোপরি জনসচেতনতা তৈরী করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ পর্যায়ে তিনি ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজারগণের পক্ষ হতে তাঁদের চলমান কার্যক্রম সভায় অবহিত করার আহবান জানান।

১.২ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, অঞ্চল-৪, (নগরভবন) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ আনোয়ার শাদাৎ সভাপতির অনুমতিক্রমে জানান যে, আমার কর্মরত ওয়ার্ডে যেসকল স্থানে এডিস মশার প্রাদুর্ভাব দেখা দেয় সেসকল স্থান চিহ্নিত করে মশকের উৎসস্থল ধ্বংস করার নিমিত্ত প্রতিনিয়ত সকালে এডালডিসাইড স্প্রে করা হয় এবং বিকালে উড়ন্ত মশা নিধনের জন্য ফগিং করা হয়। কিন্তু স্প্রে এবং ফগিং মেশিনের পর্যাপ্ত যন্ত্রাংশের অভাবে মেরামত করতে সমস্যা হয়। একইধরনের মেশিন হলে যন্ত্রাংশ সহজে পাওয়া যায় ও মেরামত সহজতর হয়।

১.৩ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, অঞ্চল-৩, (আজিমপুর) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন সভাকে জানান যে, আমার কর্মরত ওয়ার্ডে প্রতিদিন সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত এডালডিসাইড এবং ২.৩০ থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত ফগিং কার্যক্রম চলমান আছে। মশার উৎপত্তিস্থল ধ্বংস করার নিমিত্ত ওয়ার্ডের প্রতিটি ড্রেন, প্রত্যেক বাড়ী-বাড়ী ও বিভিন্ন নির্মাণাধীন স্থাপনাতে পরিদর্শন করে মশক নিধনের কীটনাশক স্প্রে করা হয়ে থাকে। প্রতি তিনদিন পর পর একই বাড়ী এই কাজের আওতায় পড়ে।

১.৪ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, অঞ্চল-২, (মিরপুর) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ হাসেম আলী জানান যে, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সহকারী স্বাস্থ্য কর্মকর্তার দিকনির্দেশনা মোতাবেক মশক নিধনে কীটনাশক স্প্রে করা হচ্ছে। অফিস সময়ের অতিরিক্ত সময়ে এ কাজে নিয়োজিত আছি কিন্তু অতিরিক্ত সময়ের জন্য কোন টিফিন ভাতা বা যাতায়াত ভাতা প্রদান করা হয় না।

১.৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, অঞ্চল-৪, (মিরপুর) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ নুরুন নবী জানান যে, আমার কর্মরত ওয়ার্ডে প্রতিদিন সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত এডালডিসাইড এবং ২.৩০ থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত ফগিং কার্যক্রম চলমান আছে। তবে অন্যান্য ওয়ার্ডে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত সিটি কর্পোরেশনের সুপারভাইজারদের সাথে মশক নিধন কাজ সঠিকভাবে সমন্বয় সাধন হয় না।

১.৬ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, অঞ্চল-৫, (কারওয়ান বাজার) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ আঃ কাইয়ুম সভাকে জানান যে, এডিস মশা নিধনে সিটি কর্পোরেশন হতে বিভিন্ন প্রশিক্ষণ, চিরুনি অভিযান চালানো সহ ড্রোনের মাধ্যমে এডিস মশার উৎপত্তিস্থল চিহ্নিত করে কীটনাশক স্প্রে করা হচ্ছে। তিনি একাজটিকে বেগবান করার লক্ষ্যে একটি অ্যাপস তৈরী করার জন্য অনুরোধ জানান।

১.৭ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, অঞ্চল-১, (উত্তরা) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ লুৎফর রহমান সভাকে জানান যে, তার কর্মরত ওয়ার্ডে প্রতিদিন সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত এডালডিসাইড এবং ২.৩০ থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত ফগিং কার্যক্রম চলমান আছে। একাজটি গতিশীল করার লক্ষ্যে অ্যাপসের মাধ্যমে উদ্ধর্তন কর্তৃপক্ষকে তথ্য সরবরাহ করা হচ্ছে। একইসাথে জমাকৃত পানিতে মশক নিধনের ট্যাবলেট মিশিয়ে লার্ভা ধ্বংস করা হচ্ছে।

১.৮ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, অঞ্চল-২, (খিলগাঁও) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব মোঃ মনিরুজ্জামান সভাকে জানান যে, প্রতিদিন সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত এডালডিসাইড এবং দুপুর ২.৩০ থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত ফগিং কার্যক্রম চলমান আছে। যা ফেসবুক লাইভের মাধ্যমে উদ্ধর্তন কর্মকর্তাসহ নগরবাসীকে অবহিত করা হচ্ছে।

১.৯ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, অঞ্চল-৭, (নগরভবন) এ সংযুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার জনাব এ,টি,এম মোস্তফা সভাকে জানান যে, তাঁর কর্মরত অঞ্চলে রুটিন মাফিক প্রতিদিন সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত এডালডিসাইড এবং দুপুর ২.৩০ থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত ফগিং কার্যক্রম চলমান আছে। তবে মেশিনের যন্ত্রাংশ পর্যাপ্ত নাই। তিনি কেন্দ্রীয়ভাবে মশক নিধনকাজে ব্যবহৃত মেশিন মেরামতের জন্য মিস্ত্রীর সমন্বয়ে একটি মেরামত সেল স্থাপনের অনুরোধ জানান।

১.১০ সভাপতি তাঁর সমাপনী বক্তব্য বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সঠিক কর্মপরিকল্পনার মাধ্যমে আমরা ডেঙ্গু ও চিকনগুনিয়া মোকাবেলায় সফলতা অর্জন করতে সক্ষম হয়েছি। একারণে তিনি মশক নিবারণী দপ্তরের মাঠপর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশনা প্রদান করেন। সভাপতি মশক নিধন কার্যক্রমসহ দাপ্তরিক কাজ গতিশীল করার লক্ষ্যে মাসিক সমন্বয় সভা আহবানের নির্দেশনা প্রদান করেন। সর্বোপরি এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনার অব্যাহত রাখতে অনুরোধ জানান।

২। **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সভায় সকলের বক্তব্য পর্যালোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | (ক) এডিস মশার প্রজনন কেন্দ্র চিহ্নিত করে কীটনাশক প্রয়োগের মাধ্যমে মশক নিধনের কার্যকর ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা সৃষ্টি করতে হবে।<br>(খ) অতিরিক্ত মাত্রায় কীটনাশক প্রয়োগে জনগণ ও পরিবেশের জন্য ক্ষতিকর না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | মশক সুপারভাইজার ও ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| ২। | ঢাকা মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার, ইনসেক্ট কালেক্টর ও ক্রু-দের কার্যাবলী আপডেট করতে হবে। **এবিষয়ে নিম্নবর্ণিত কর্মচারীর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।**<br>১। মোঃ জামাল উদ্দিন, ক্যাশিয়ার ও আহবায়ক, ঢাকা মশক নিবারণী দপ্তর।<br>২। মোঃ আমিনুল ইসলাম ভূইয়া, হিসাব রক্ষক ও সদস্য, ঢাকা মশক নিবারণী দপ্তর।<br>৩। মোঃ শাহাদাত হোসেন, সুপারভাইজার ও সদস্য, অঞ্চল-৫ (কারওয়ান বাজার), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।<br>৪। মোঃ লুৎফর রহমান খান, সুপারভাইজার ও সদস্য, অঞ্চল-১ (উত্তরা), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।<br>৫। মোঃ আনোয়ার শাদাৎ, সুপারভাইজার ও সদস্য, অঞ্চল-৪ (নগরভবন), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।<br>৬। এস,এম, মনিরুল ইসলাম, সুপারভাইজার ও সদস্য, অঞ্চল-৫ (সায়েদাবাদ), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।<br>৭। মোঃ গিয়াস উদ্দিন, ষ্টোরকিপার ও সদস্য সচিব, ঢাকা মশক নিবারণী দপ্তর। | বর্ণিত কমিটি আগামী ১১-০৮-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে মশক নিবারণী দপ্তরের সুপারভাইজার, ইনসেক্ট কালেক্টর ও ক্রু-দের কার্যাবলীর তথ্যাদি এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন। |
| ৩। | আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সুপারভাইজারগণ তাঁদের কর্মপরিকল্পনা লিখিতভাবে ঢাকা মশক নিবারণী দপ্তরকে অবহিত করবেন। | মশক সুপারভাইজার (সকল)। |
| ৪। | মশক নিধন কাজ গতিশীল করার লক্ষ্যে একটি অ্যাপস তৈরী করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর। |
| ৫। | ঢাকা মশক নিবারণী ওয়াটসঅ্যাপ গ্রুপ তৈরী করতে হবে। উক্ত ওয়াটসঅ্যাপ গ্রুপে দপ্তরের কার্যক্রমসহ সকল সুপারভাইজার অন্তর্ভূক্ত থেকে মশক নিধন কার্যক্রমের তথ্যাদি সরবরাহ করবেন। | ১। জনাব মোঃ গিয়াস উদ্দিন, স্টোর কিপার এবং<br>২। জনাব মোঃ জামাল উদ্দিন, ক্যাশিয়ার, ঢাকা মশক নিবারণী দপ্তর। |
| ৬। | মশক নিধন কার্যক্রমসহ দাপ্তরিক কার্যাবলী অগ্রগতির জন্য প্রতিমাসের ০১-১৫ তারিখের মধ্যে সকাল ১০.০০ হতে ১১.০০ পর্যন্ত মাসিক সমন্বয় সভার আয়োজন করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর। |
| ৭। | ইচ্ছাকৃতভাবে এডিস মশার প্রজননের জন্য দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার কাজে সহায়তা করতে হবে। | মশক সুপারভাইজার (সকল) |

| | | |
|---|---|---|
| ৮। | মশক নিধনের কীটনাশকের প্রয়োগে সঠিক পদ্ধতি ব্যবহার করতে হবে। | মশক সুপারভাইজার (সকল) |
| ৯। | মশক নিধন কাজে কর্মীদের যাতায়াতে সুবিধার জন্য মোটরসাইকেল প্রদানের জন্য ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অনুরোধ করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর। |
| ১০। | মশক নিধন কাজে ব্যবহৃত মেশিন মেরামতের জন্য ঢাকা মশক নিবারণী দপ্তরের মিস্ত্রী'র মাধ্যমে মেরামত কাজ সম্পন্ন করা হবে এবং মেরামতের প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়-কে অনুরোধ করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর। |
| ১১। | মশক নিধন কাজে নিয়োজিত কর্মচারীদের অনুকূলে ঝুঁকি ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়-কে অনুরোধ করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর। |

৩। পরিশেষে সভাপতি অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৭.২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ
ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.০৬.০০২.২২- ৪১২/১(১২)

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল--------, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-------, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮। সুপারভাইজার (সকল), অঞ্চল-------, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৯। হিসাব রক্ষক, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১০। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১২। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।

২৮.০৭.২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ
ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭